Lesbian-দের কথা বলব বলছিলাম, এই কথাটা দিয়েই এই কান্না কাটির পালা শেষ করি। আমি একটি মেয়ের কথা জানি। মেয়েটির নিজের দাদা ওকে rape করেছিল, only to know whether she actually gets attracted towards boys or not? তো সেই জন্য বলছি আকাশ, যে কখনও mainstream-এর সাথে আমরা এক আসনে বসব না, বসতে পারব না। আমাদের experience-গুলোই তো different, experience-গুলো share না করতে পারলে কিসের basis-এ এক হব? Community-র একটা definition দিচ্ছি ঃ 'it is a feeling of fellowship with others, as a result of sharing common attitudes, interests and goals'। তো আমাদের সেই interest, attitudes-এর goal গুলোই যখন different, তখন কি করে এক হওয়ার চেষ্টা করব বলত? আর IPC 377 repeal-এর যে কথাটা বলেছিলি, yes, তোর কথাই, ওটা হয়তো একটা eye wash। কিন্তু eye wash-টাই যে কত প্রয়োজন ছিল যখন দেখি সাধারণ মানুষেরা যারা কিছু জানত না বিষয়টা নিয়ে, জানলেও কোন দিনও আলোচনার কথাই ভাবতে পারত না, তারাও চায়ের টেবিলে বসে আলোচনা করছে ব্যাপারটা নিয়ে। হয়ত ব্যাঙ্গই করছে, বলছে যে 'চল ভাই, আনন্দ করি, এরা যে এখন বিয়ে করবে' কি এই জাতীয় বাঁকা মন্তব্য, but at least কিছুতো একটা বলছে - আগে তো সেটাও ছিলনা। তাই কেন এতটা 'jubilation', এত বাঁধ ভাঙ্গা উচ্ছাস ... সেটা যারা এই experience গুলোর মধ্য দিয়ে যায়নি তারা ভাই শত চেষ্টা করলেও বুঝতে পারবে না। তাই আর চেষ্টা করিস না। তবে boss, এতক্ষণ ধরে যে দুঃখের কাহিনী শোনালাম, তার মানে এই নয় যে ধীরে ধীরে আমরা facist হয়ে গেছি, গিয়ে terrorist-দের মত উল্টো terror শুরু করার কথা বলছি। কারণ সেটা solution নয় রে, কোন যুদ্ধই হিংস্রতা দিয়ে জয় করা যায় না। আর এরকম একটা যুদ্ধ তো নয়ই। আর আশ্চর্যের কথা কি জানিস, আজ নিজে কাজ করতে নেমে দেখছি sexuality defined community-র মধ্যে কী বিশাল variation, be it in thoughts, be it in identities, be it in attitudes এবং অবশ্যই in experience। আজ আমরা Gay community-র কথা ভাবতে বসলেই, আমাদের একটা middle class ছেলে যে হঠাৎ discover করে বসল যে সে gay, সেরকম একটা ছেলের monolithic existence -টার কথাই মনে পড়ে, এই skewed vision টা আমারও ছিল। তাই আমি যখন প্রথমে বড় বড় লেকচার মারতাম, তখন আমায় আমার senior-রা দমিয়ে দিয়ে বলতেন যে যদি সত্যি কাজ করতে হয় তো প্রথমে এই middle class-এর ঘেরাটোপ থেকে বেরিয়ে এস; না হলে এই বিশাল difference-টা, এই বিশাল variation-টা বুঝতেই পারবে না। আজ এই total queer community -র মধ্যে Gay আছে, Lesbian আছে, Bi-sexual-রা আছে, Transgender-রা আছে, Hijra আছে, Koti (term টা পরে explain করব কখনো) আছে, Inter-sexed people-রা আছে এবং আরও কত যে ছোট বড় identity যুক্ত হয়েছে এবং হবে তা আমিও জানি না। আজ আর termটা LGBT-র মধ্যে সীমাবদ্ধ নেইরে, LGBTQKHI - লম্বা লাইন হয়ে গেছে। তো এদের প্রত্যেকের চাহিদাগুলো issues-গুলো এত আলাদা , যে একসঙ্গে এক সুতোয় গাঁথা সত্যি একটা challenge হয়ে পড়ে। Gay-রা TG-দের সহ্য করতে পারে না; TG-রা Gay-দের সহ্য করতে পারে না। Bi-sexual হলে তো হয়ে গেল, ওরা তোমায় রীতিমত গদ্দার-এর তক্মা দিয়ে দেবে। আর Lesbisn issue নিয়ে মুখে আহা উহু করলেও maximum লোকই বিষয়টা নিয়ে যথেষ্ট ignorant আর indifferent। Hijra-রাও তো এখনও এক অন্য জগতের মানুষ সবার কাছেই।

মোদ্দা কথা হল সেটাই, যে এই এতগুলো difference, এই এতগুলো issues-এর মধ্যে আসল issue-টাকে কজন বার করে। And when I now consider myself to be a social worker, I cannot restrict myself to the interest of one group – namely the English educated Gay group, in which I belong to, তাই না? তাই internal difference সত্ত্বেও কিন্তু আমরা সবাই এক হওয়ার চেষ্টা করছি - তার কারণ এই একটা জায়গায় আমাদের expereince-গুলো এক, যে life-এ কখনও না কখনও sexual preference-এর দিক দিয়ে, কি gender expression-এর দিক দিয়ে আমরা oppressed হয়েছি বা হয়ে চলেছি।

তাই, যাই হোক, আমরা এই সব queer-রা যেমন একটা ছাতার তলায় আসার চেষ্টা করছি, তেমনি যে mainstream, mainstream বলে যাদের গালাগালি দিচ্ছি, তাদের সঙ্গে যদি আমরা এক হতে না পারি তাহলে কিন্তু humanity-র greater fight-এ আমরা হেরে যাব। কারণ we originated from there, we have to understand that। আমরা যদি আমাদের cause-টাকে 'mainstream'-ing করতে না পারি, basic 'human rights-রে violation-এর যুদ্ধ হিসাবে দেখতে না পারি, এবং at the same time আরও যে oppression-গুলো ঘটে চলেছে প্রতি নিয়ত, আরও বিভিন্নরকম ভাবে in terms of sex, class, religion, etc. তাদের ওপরও সমান সহানুভূতিশীল না হই, তাহলে কিন্তু এই fight দুদিনেই শেষ হয়ে যাবে। We have to understand that basically we all are Humans, আর human values, human instinct-গুলো সব জায়গাতেই এক, পয়সার এপিঠ-ওপিঠ। কোথাও এই দিক দিয়ে লোক oppressed হচ্ছে, কোথাও অন্য দিক দিয়ে।

জানিস, আমার কি কষ্ট হয় যখন শুনি যে কোন gay বা koti, যে হয়ত married কিন্তু নিজের অবদমিত ইচ্ছেটা মেটানোর জন্য একটা double life lead করতে বাধ্য হয়, তাদের যখন জিজ্ঞেস করি, এই যে তুমি একজন boy friend maintain করছো, ওদিকে ঘরেও বউ আছে, যাকে তুমি স্পষ্টতই fully satisfy করতে পার না; ধর যদি তোমার বউ তোমাকে ছাড়াও অন্য কোন partner চায় তবে? তারা কিন্তু অম্লান বদনে বলে, না না, সে কি করে হয়? বউকে সব দিচ্ছি। মাঝে মাঝে sex করছি। ওদের আর কি চাই? অথবা Indian মেয়েরা ওরকম হয় না। বোঝ! যে effeminate gay-টির মধ্যে হয়ত একটি oppressed female soul আছে (and hence atleast it is expected from them যে তারা হয়তো মেয়েদের ব্যাপারে empathetic হবে), সেও যখন 'husband' বনে যায়, তখন সেও কিন্তু একটি chauvinist male! 'Male-streaming' -এর কথা বলছিলাম মনে আছে? This is is the height of that।

ছাড়, সেই জন্যই বলছি, সব difference নিয়েও আজ আমাদের mainstream -এর সঙ্গে এক হতে হবে, শুধু তাই নয়, mainstream-কেও আমাদের cause-এর জন্য equally involve হতে হবে। এই জন্যই হয়ত এত কান্ড করে এত লম্বা একটা mail করছি, only to make you understand the whole issue, the whole scenario। তোর আর বেশি সময় নেব না, আরেকটা শেষ বিষয় আছে। সেটা দিয়েই এই লম্বা কাহিনীটা শেষ করব।

শেষ কথাটায় আসি। এই যে আমি এতক্ষণ ধরে শুধু 'আমাদের community'-র rights নিয়ে চিৎকার করে গেলুম, তা আমাদের কি কিছু responsibility-ও নেই ? শুধু rights নিয়ে ভাবলেই হবে? কিছু responsibility-র কথা তো আগেই বলেছি, এখন কিছু irresponsibily-র কথা বলি, যার জন্য especially এই community মার খায়। একটা ঘটনা বলি - তুইতো জানিস আমি বাইরে থাকি, একটা flat নিয়ে আছি। সেখানে আমার সঙ্গে একটি ছেলে থাকে। ওর নাম জয়। বাচ্চা ছেলে, আঠেরো বছর বয়স। I call him my son। একেবারে গ্রামের ছেলে। আমাকে চেনার আগে এই সব বিষয়ে ও কিছু জানত না। তো আমাকে জানার পর থেকে ধীরে ধীরে ও এই সব বিষয়গুলো নিয়ে সজাগ হল। বুঝতে শিখল, এমনকি আমার boy friends-দেরও accept করতে শিখল। তা যাই হোক, যখনই কোনও gay friends আমার বাড়িতে আসে, আমি কিন্তু তাকে আগেই জানিয়ে দিতাম যে দেখ জয় কিন্তু পরিস্কার non-community-র লোক, ওর সামনে please একটু ভদ্র হয়ে থেক। এত কিছু বলার পরেও তিন জন, হ্যাঁ তিন জন ওকে seduce করতে চেষ্টা করে, এবং একজন ওকে প্রায় molest করতে চেষ্টা করেছিল। ঘটনাগুলো প্রত্যেক বারেই আমার অনুপস্থিতিতে ঘটে। আমি জয়কে জিজ্ঞেস করেছিলাম, তুই বাধা দিস না কেন? ও বলেছিল, ভাইয়া, ওরা তোমার বন্ধু, আমাদের মেহ্‌মান, তাই কি করে বলি বল? বলে এটাও বলেছিল যে ভাইয়া তোমাদের community -র সবকটা লোকই কি এরকম? শুনে আমার লজ্জায় মাথা নিচু হয়ে গেছিল। আর রাগে চিড়বিড় করছিল সারা শরীর। মনে হচ্ছিল তিন থাপ্পড়ে এদের সোজা করে দিই। শালা, এই শুয়োরগুলোর জন্য আমাদের community এখনও perverted, sex-freak তকমা থেকে বেরোতে পারল না। একটি মেয়েকে comment pass করা মানেও কিন্তু এক ধরণের sexual abuse, but একটি ছেলেকে, সে যাই হোক, straight or otherwise, molest করাও কি অপরাধ নয়? তাই কি বলবি একে তুই বল? আমি যখন ঐ ছেলেগুলোকে বললাম যে কেন তোরা (এটা জানা সত্ত্বেও যে জয় interesed নয় in Gay-sex) ওর পিছনে লেগেছিস? কি বলল জানিস? এমন একটা handsome ছেলেকে বাড়িতে পুষে রেখেছ, তা ওর ওপর একটু হামলা হবে না? আর straight- কে 'বাঁকিয়ে' খেতেই তো মজা বেশি, সে যে community-র লোক হোক না কেন। Power হাতে পেলে সবাই রাক্ষস বনে যায়, যতই সে নিজে oppressed আর oppression-জনিত কষ্টগুলো অনুভব করুক না কেন।

তো, কি করা যাবে? এই problem-গুলো আছে এবং এগুলো নিয়েই যুদ্ধটা করতে হচ্ছে। লড়াইটা কঠিন হয়ে পড়ে যখন সূত্রগুলো আর বাইরে থাকে না। সিঁধ কেটে ভিতরে ঢুকে পড়ে। এই community-তে সবাই একটু sex-centric; sex খারাপ তা বলছি না, sex করার মধ্যে কোন অপরাধ নেই। Sex is very important in our life, কিন্তু এটাই তো একমাত্র important জিনিস নয়। এটা অর্ধেক লোক বুঝতে পারে না। তাই ওদের পুরো জীবনটা sex -এর চার পাশেই কেটে যায়। আর সব থেকে বড় কথা, maximum লোকই নিজেদেরে personal issues নিয়ে এতটাই মেতে থাকে যে এর থেকে বেরিয়েও যে একটা দুনিয়া আছে, একটা জগৎ আছে সেটা ভুলে যায়। এটা ভুলে যায় যে আমি Gay, এটা আমার একটা important identity, but not my only identity। এবং সব চেয়ে মন খারাপের কথা যে এই identity, identity করতে করতে এই community -র লোকেরা greater community আর greater human values -এর থেকে সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। একটা negative self-identity, negative sense of self-existence তৈরী হচ্ছে । একটা Facist মনোভাব এসে যাচ্ছে। সবার না, কিন্তু কিছু লোকের তা বটেই। (আকাশ, তোর ভয়টা যথাযথ)। আমি যখন ঐ জয়ের episode-টা নিয়ে আমার office-এ discuss করছিলাম, তখন আমার office colleague -রা (who are supposed to be 'social workers') কি বলেছিল জানিস? বলেছিল, "অভিজিৎ, তুম এক straight -কে লিয়ে আপনে বিরাদারিকে লোগকো জলিল কর রহেহো?" আমি শুনে স্তম্ভিত হয়ে গেছিলাম। এই হল তবে result? এই বিচ্ছিন্নতাবাদের জন্য আমি এত community, community, movement, movement বলে চেঁচাচ্ছি। এই বিচ্ছেদ তো আমরা চাইনি, এমন communal feelings-ও আমরা চাইনি। কোন sensible মানুষই তা চাইবে না। শুধু community-কে আঁকড়াতে গিয়ে মানুষ হওয়ার মূল মন্ত্রগুলো ভুলে যাব? এটা বোধ হয় মানা যায় না।

পরের অংশ ৬ নং পাতায়

FEMINIST INITIATIVE

Sandra Dahlén

A spring day in 2004, a friend of mine called me and said: "The rumours are true, Gudrun Schyman is planning on starting a feminist party and we are a group discussing this together with her, would you like to join us?". Of course I got very excited and turned up at the next meeting with a group of about 20 women.

Gudrun Schyman is one of the most famous and loved politicians in Sweden. She was the leader of the Swedish Socialist Party for several years and their popularity grew with her. She reformed the party to not only lay on a socialist, but also on a feminist ground. But her years in the parliament taught her that feminist analysis cannot always be placed on a left–right scale. She also realised that even though her own party called itself a feminist party, it did not always prioritize feminist politics. Her idea of focusing on feminism in the politics of parliament grew at the same time as many in Sweden were fed up with patriarchy.

Sweden is considered to be one of the most gender-equal countries in the world. All boys and girls attend compulsory school for nine years. Women are wage-earners to the same extent as men. All laws are gender-neutral such as laws regarding heritage, divorce, employment etc. Half of the parliamentarians and ministers are women. There are laws against gender discrimination as well as discrimination on the grounds of sexual orientation. Violence against women and children is forbidden and there is no such thing as 'arranged' or 'forced' marriages (except in some groups of immigrants). So one can of course wonder why a feminist party is needed in Sweden. The answer is simple: there is unfortunately no country yet that is not dominated by men. In Sweden women are in general paid less than men. Women do most of the household chores at the same time as they are full time wage-earners. More women than men are therefore ill due to a heavy workload. Most rape cases do not lead to trial. The society is heteronormative and hate crimes towards the LGBT group is increasing. Sexual harassment in workplaces and schools take place. The list of gender inequality can unfortunately be very long and many people are very angry that not more is done to change this. When we started discussing the new party Gudrun Schyman received about 200 emails per day from people begging her to start a feminist party.

In April 2005, we called for a press conference and launched the new organisation called *Feminist Initiative*. This was headline news in all big media for over a week. We asked people to join the organisation and together discuss the politics and give support to run for the election to the parliament in 2006. We were very clear about the ambition to form a *coalition* of feminists – feminists with different analyses, from left to right and from different groups of the society. In the first board we had feminists from the anti racist movement, the queer movement, the students movement, "never organised feminists", heterosexual mothers, different ages, sexes, professions and a few men. It was of course not easy to stay on good terms with each other and to form politics we could all agree on. But we managed to agree on about 150 different political demands regarding different areas such as the labour market, education, health care, migration and so on. On the way conflicts occurred which the media of course loved to write about. But which party does not have conflicts? Many journalists also did their best to make up different stories about us, make fun of us and tell everyone how mad we were. One thing that was very provocative for many was the lesbian professor in the board who did not hesitate to open her mouth. The hate and harassments she and her family were subjected to was terrible and shocked us all.

At the time of the election the hate or total ignorance in media gave us very bad chances and with almost no money at all (the only money we had was donated by a rich man who became very active in the organisation) we all worked night and day on a voluntary basis. We did not even receive one per cent of the votes and the loss of solidarity from the Swedish feminists has been hard to bear. But the "threat" of a feminist party made positive marks in the society. Many women got strength and organised themselves on a feminist basis for the first time and other parties had to discuss gender equality more. *Feminist Initiative* has also pushed Swedish feminism for more queer and anti racist analyses. The contact between *Feminist Initiative* and feminist groups and organisations all over the world enriches the feminist fight. One example is the ongoing effort to start a *European Feminist Initiative* in the European parliament.

The election for the European parliament last year resulted in a doubling of the party's votes. In September the party will run for the national elections again – with no money but a lot of volunteer work. I am no longer a member of the board but I support the organisation with all my heart and I am proud to once more support *Feminist Initiative* in the elections.

The website has information about *Feminist Initiative* in many languages : www.feministisktinitiativ.se

■ *Sandra Dahlen* is a consultant, trainer and author on issues relating to sex and sexuality with a focus on young people. She co-founded the *Feminist Initiative* and sat in the first Board.

অপেক্ষায় রইলাম আকাশ ... উত্তর দিস

৬ নং পাতার পর

তবে আমি স্বপ্ন দেখি। এক integrated ভারতবর্ষের (ভারতবর্ষ বললাম কারণ আমি পৃথিবী দেখিনি বলে। দেখলে হয়ত পৃথিবীর সব মানুষের কথাই বলতাম)। সেখানে হয়ত ভবিষ্যতের biology বইতে লেখা থাকবে - sex are of three types, male, female and the third sex but sexuality is polymorphous। হয়ত কোন university-র মাঠে বসে চারটে ছেলে মেয়ে কথা বলবে, যারা কেউ হয়ত straight, কেউ bi, কেউ হয়ত বা gay এবং কেউ আবার lesbian-ও। যে যার নিজের চাহিদা আর pleasure-গুলো নিয়ে অম্লান বদনে আলোচনা করছে, share করছে, আবার মজা করে পিছনেও লাগছে। দরকার মত ভুলেও যাচ্ছে। কেউ কোন ব্যাপার নিয়ে সংকোচ করছে না। কেউ কোন কিছু বলে মুখ লুকাচ্ছে না। সবাই যে যার মত বেড়ে উঠছে। সবার পাশেই খোলা হাওয়া, তা সে 'normal'-ই হোক বা 'abnormal'। তবেই সব কিছু normal হবে। আর normal বললেই সেটাকে inverted comma -র মধ্যে লিখতে হবে না। তবেই এই পুরো movement-টার সার্থকতা। পুরো movement-টার জিত। শুধু একটা IPC repeal করে কিচ্ছু হবে না।

যাক, অনেক লিখলাম, অনেক অনেক লিখলাম। এবার বন্ধ করি। না হলে বদহজম হয়ে যাবে। তুই রাগ করলি কি না জানি না। কিন্তু করলে কি করি বল? কথাগুলো তো বলতেই হত একদিন না একদিন, তাই না? ভাল থাকিস, আর পারলে mail-টার উত্তর দিস।

Tata,

তোরই Avijit

[Autobiographical narrative - অধিকাংশটাই সত্যি। লেখার প্রয়োজনে কিছুটা বদলাতে হয়েছে। গোপনীয়তার কারণে নামগুলো পরিবর্তন করা হল।]

■ *অভিজিৎ* একজন মনে প্রাণে activist, শিক্ষাগত যোগ্যতায় engineer কিন্তু engineering college-এর lecturership ছেড়ে এখন সমাজসেবা করছেন শুধু তাঁর community-র মানুষদের পুরো সময় দেবেন বলে।

রাত - ভোর

মন

জায়গাটা বেশ শান্ত। উত্তরবঙ্গের একটা ফরেস্ট বাংলোতে বসে আছি। এই বাংলোটায় তেমন কেউ আসে না। যাঁরা বেড়াতে আসেন তাঁরা বেশিরভাগই রিসর্টে থাকেন। আর আমার মতো কিছু মানুষ যারা চায় কিছু সময় শুধু নিজের সাথেই কাটাবে তারা বেছে নেয় এই ফরেস্ট বাংলোকে। বাংলোটায় এখন কেউ নেই। এক ম্যানেজার আর সেলিম নামে এক বেয়ারা কাম কুক ছিল। তারা দুজনেই একটু আগেই নীচে গ্রামে নেমে গেছে। অত্যন্ত কুণ্ঠিত হয়ে ম্যানেজার ভদ্রলোক আমাকে জানাতে এসেছিলেন যে বাড়িতে একটি দুর্ঘটনা ঘটার দরুণ তাঁকে আর সেলিমকে নীচে গ্রামে যেতে হবে। আসলে আমি যে একটা মেয়ে; উনি ঠিক করতে পারছিলেন না কি করবেন। আমিই তাঁকে প্রায় জোর করে পাঠালাম এবং তার সাথে এও বললাম যে রাতে খাবার আমি কিছু একটা বানিয়ে নিতে পারব কারণ এটা আমার দীর্ঘদিনের অভ্যেস, যখনই আমি একা বেড়াতে যাই, কিছু খাবার নিয়ে যাই। যাই হোক, শেষ পর্যন্ত ভদ্রলোক গেলেন এবং বারবার বলে গেলেন যে পরের দিন ভোরেই তাঁরা ফিরে আসবেন।

ফরেস্ট বাংলোর সিঁড়িতে বসে আছি। বাংলোতে আমি, আমার সঙ্গী নিস্তব্ধতা। সেই নিস্তব্ধতারও একটা অদ্ভুত ভাষা আছে, আওয়াজ আছে যা আমি বসে শুনছি। আজ বোধহয় পূর্ণিমা, জ্যোৎস্নার আলোয় ধুয়ে যাচ্ছে পৃথিবী। হাওয়াতেও ভেসে আসছে বুনো ফুলের গন্ধ। মাতাল হই আমি। সিঁড়িতে বসে অরণ্যের চুপ-গান শুনছি। হঠাৎ একটু দূরে কিছু নড়ার আওয়াজ পেলাম। কান পেতে শুনলাম পাতার খসখসানি। চিন্তা হল কারণ সেলিম বলেছিল এদিকে হাতির পাল বেরোয়। শব্দের উৎস লক্ষ করে তাকিয়ে রইলাম। কিছু পরেই উৎস আমার সামনে বেরিয়ে এল, সে এক নারী। বাংলোর দিকে সে এগিয়ে আসে। হাতঘড়িতে টর্চের আলো ফেলে দেখি সময় সাড়ে সাতটা। ক্রমশ আমার দিকে সে এগিয়ে আসে, 'আচ্ছা এখানকার ম্যানেজার কোথায় বলুন তো?' আমি তাকে দেখতে থাকি। কেমন যেন মনে হয় সমস্ত বুনো ফুলের গন্ধ তার শরীর থেকেই বেরোচ্ছে। সে আবার জিজ্ঞেস করে, 'বলছিলাম আপনি ছাড়া কি কেউ আছে এখানে?' মনে পড়ল উত্তর দিতে হবে। বললাম 'নাহ্ এই মুহূর্তে আমি ছাড়া এখানে কেউ নেই। যাঁরা ছিলেন তাঁরা দরকারে নীচে গেছেন। কাল ভোরে আসবেন। আপনি আসবেন সেটা সেটা তাঁরা জানতেন?' ধপাস করে কাঠের সিঁড়িতে সে বসে পড়ে, আমার দিকে তাকিয়ে সে বলল, 'না, জানতেন না, আসলে ট্রেনটা লেট করায় সমস্তটা গণ্ডগোল হয়ে গেল। এখন কি হবে?' ওর বলার ভঙ্গিতে বেশ মজা লাগল। বললাম, 'হবে আর কি! এসে পড়েছেন যখন, রাতটা কষ্ট করে কাটিয়ে দিন। আমার তো একটা ঘর আছেই, সেটাতে থেকে যান। কাল ভোর অবধি তো, তারপর সমস্যার সমাধান হয়ে যাবে।' 'কি বলে যে আপনাকে ধন্যবাদ দেব' বলে সে উঠে দাঁড়ায়। আমি হেসে বলি, 'its ok, ভেতরে আসুন।' ব্যাগ কাঁধে নিয়ে সে আমার পেছনে আসে। 'আমি রাকা' বলে সে হাত বাড়ায়, 'আমি মনামি বা মন যা ইচ্ছে ডাকতে পারেন'। 'বাহ্, অদ্ভুত নামটা তো, মন'। বললাম, 'হ্যাঁ, অদ্ভুতই বটে।' রাকা কিঞ্চিত অপ্রস্তুত বয়ে বলে, 'না, মানে ঠিক তা বলতে চাইনি, আসলে বলতে চেয়েছিলাম নামটা বেশ uncommon।' হেসে বললাম, 'বুঝলাম, তা সমস্ত রাত কি এখানে দাঁড়িয়েই কাটাবেন না ভেতরেও আসবেন?' 'ও, হ্যাঁ, চলুন'। ঘরে এসে ব্যাগটা কাঁধ থেকে নামিয়ে সে বলল, 'মনামি আমি এখন একটু স্নান করতে চাই।' বললাম, 'sure, ওই বাঁদিকের দরজাটা বাথরুমের, আমি বাইরে সিঁড়িতে আছি।' বলে বেরিয়ে এসে সিঁড়িতে বসলাম। কেমন একটা অদ্ভুত ব্যস্ততা যেন তাড়া করে বেড়াচ্ছে। মনে হল চাঁদের আলোটা যেন হ্যারিকেনের বাড়িয়ে দেওয়া আলোর মত বেড়ে গেছে। হঠাৎ সবকিছু ছাপিয়ে একটা গলার স্বর ভেসে এল। সে গান করছে। গুন গুন করে। আরও মন দিয়ে কান পাতলাম, 'আজ জোৎস্না রাতে সবাই গেছে বনে ...'। শুনতে শুনতে একটা ঘোর লাগল। রাকার কণ্ঠস্বর সমস্ত কিছু ছাপিয়ে আমাকে কেমন ভালো লাগায় ভরিয়ে তুলতে লাগল। শরীরের প্রত্যেকটি অংশে সেই আবেশ ছড়িয়ে গেল। কতক্ষণ এভাবে ছিলাম জানি না, হঠাৎ তার ডাকে ফিরে এলাম, 'মন?' তাকিয়ে দেখি বাংলোতে আলো নেই, অন্ধকারে রাকা একটা মোমবাতি হাতে দাঁড়িয়ে আমাকে ডাকছে, 'মন, কি খারাপ অবস্থা! আলো চলে গেছে, ভাগ্যিস ঘরে মোমবাতিটা ছিল। এখানে কি জেনারেটর আছে?' রাকা কথা বলে যায় আর আমি মাংসের দোকানের বাইরে বসে থাকা অসহায় কুকুরটার মতো চুপ করে তাকে দেখতে থাকি। বাইরে চাঁদের আলো আর ভেতরে এক টুকরো মোমবাতির সামান্য আলোয় রাকার মুখ। একি মানবী না আমার কল্পনা? যে নারীমূর্তি শুধু আমার কল্পনাতে বিচরণ করত আজ সে আমার এতো কাছে কিভাবে! ইচ্ছে করল তার খোলা চুলের থেকে চুঁইয়ে-পড়া প্রত্যেকটি জলবিন্দুকে মুঠো-বন্দী করে রাখি। ওতে ওর চুলের ঘ্রাণ লেগে আছে যে! যেটুকু আলোতে ওর মুখ অপরূপ হয়ে উঠেছে সেই আলো অনন্তকাল জ্বালিয়ে রাখি। কিন্তু ... কিন্তু বাস্তব যে বড় কঠিন। দীর্ঘশ্বাস গোপন করে বলি, 'নাহ্, এখানে সেরকম কোন ব্যবস্থা নেই। একবার আলো গেলে তার মর্জি ছাড়া ফেরানোর কোনো রাস্তা নেই।' 'বাহ্, সুন্দর বলেছেন তো', রাকা এগিয়ে এসে আমার পাশে বসে, 'সত্যি মর্জি ছাড়া কাউকে ফেরানো যায় না। আচ্ছা মন, একটা কথা জিজ্ঞেস করব?' বললাম, 'বলুন'। সরাসরি আমার দিকে তাকিয়ে সে বলে, 'এইভাবে জঙ্গলে একটা নির্জন ফরেস্ট বাংলোতে একা রয়েছেন। আপনার ভয় করছে না?' 'ভয়? হ্যাঁ তা হচ্ছে বৈকি।' 'তাহলে?' হেসে বললাম, 'তাহলে কী? কেন আছি তাই তো? আসলে একা থাকতে হবে সেটা তো বুঝিনি। তবে অসুবিধা হচ্ছিল কিন্তু এখন আর হচ্ছে না।' সে অবাক হয়, 'কেন, এখন হচ্ছেনা কেন?' তার চোখের দিকে তাকিয়ে বলি, 'আপনি আছেন যে!' সে চুপ করে থাকে। দুজনে নীরব দৃষ্টিতে তাকিয়ে থাকি। একসময় সে চোখ নামিয়ে নীচে নেমে যায়। 'নীচে আসবেন?' তার ডাকে সাড়া দিয়ে নীচে নেমে বলি, 'বলুন'। সে অল্প হেসে বলে, 'কি বলব?' 'বাহ্, তবে ডাকলেন যে!' 'ইচ্ছে হল তাই।' 'হুম' ... শব্দ করে হেসে রাকা বলে, কি হুতুম প্যাঁচার মত হুম হুম করছেন।' খুব হাসি পেল শুনে, 'আমি হুতুম প্যাঁচা?' 'হ্যাঁ, প্যাঁচাই তো!' বললাম, 'আচ্ছা বেশ, এবার বলুন, এবার বলুন রাতে সেদ্ধভাত খাবেন তো? আমার কাছে চাল ডাল আর ডিম আছে। চলবে?' ঘাড় নেড়ে সে বলে, 'খুউব চলবে। তবে তার আগে আরেকটা প্রশ্ন আছে, করবো?' সে মাটিতে বসে পড়ে বলে, 'একা এসেছেন সেটা তো বুঝতেই পারছি। কাজে এসেছেন না অকাজে?' বললাম, 'অকাজে। এবার কিন্তু আমি একটা প্রশ্ন করব। আপনি কিসের তাগিদে এসেছেন?' সে হেসে জবাব দেয়, 'আমি কাজে এসেছি। বটানীর ছাত্রী তো, তাই বন বাদাড়ে ঘুরে বেড়াই। নিজের চাহিদার সময় কোথায়?' সবাই তো আর আপনার মত অকাজে ঘোরার সৌভাগ্য পায় না।' বললাম, 'ঘোরা ছাড়া গানও করেন বুঝি?' সামান্য লজ্জা পেয়ে সে বলে, 'ও! তখন শুনছিলেন?' বললাম, 'হ্যাঁ'। 'আচ্ছা, আপনি কি নৃত্যশিল্পী?' এবার আমি অবাক হই, 'হ্যাঁ, কিন্তু আপনি ... ?' 'মনে হল, তা কী নাচেন? classical?' বললাম, 'আমি ওড়িশির ছাত্রী। আসলে যখন শহরের কালো ধোঁয়ায় শ্বাস আটকে আসে তখন এভাবে একা বেরিয়ে পড়ি। নিজের থেকে ভাল সাথী আর কে হয় বলুন?' 'ওড়িশি? জানেন আমি ওড়িশি নাচের খুব ভক্ত। নাচটা আমার এত appealing লাগে ... আচ্ছা, একটা অনুরোধ করব, রাখবেন?' বললাম, 'হ্যাঁ, নিশ্চয়ই।' 'আমাকে গীতগোবিন্দ থেকে একটা অভিনয় দেখাবেন?' 'এখন?' 'হ্যাঁ, এখন, আমি গাইছি', বলে রাকা গাইতে শুরু করে 'বাসন্তে বাসন্তি কুসুম সুকুমারে রবয়বই' ...। রাকার আওয়াজের যাদুমন্ত্রে আমি নেচে উঠি। নাচ শেষ হতেই সে আমার কাছে আসে, আমার কপাল, চোখ, গাল, চিবুক, ঠোঁট অসংখ্য চুমুতে ভরিয়ে দেয়। মুহূর্তে আমার সমস্ত বোধশক্তি লোপ পেল। রাকার দিকে শুধু তাকিয়ে রইলাম। সে যেন এই জগতেই নেই, উত্তেজনায় হাঁপাচ্ছে। একটু ধাতস্থ হয়ে বলে উঠল, 'আসলে আমি আমার ... আপনি ... আপনি please কিছু মনে করবেন না ... এটা যে আমি ... ইস্ ছি: ছি: ...' 'রাকা', সে চমকে তাকায়। 'Please শান্ত হও। আমি কিছুই মনে করিনি।' সে বলে, 'সত্যি?' আমি অল্প হেসে বললাম, 'হ্যাঁ, সত্যি। তোমার সাহস আছে তাই তুমি আবেগ ব্যক্ত করতে পারলে। যখন তুমি গান গাইছিলে, আমার ইচ্ছে করছিল তোমার কাঁধে মাথা রেখে শুধু তোমার গান শুনে যাই। অন্য এক জগতে বিচরণ করছিলাম আমি। সেই জগতে এক অদ্ভুত

আমাকে - ' আমার মুখে সে হাত দিয়ে চাপা দেয়। আমার হাত ধরে ঘরে নিয়ে আসে। দরজা বন্ধ করে আমার কাছে আসে। খুব কাছে। বুনো ফুলের গন্ধ তীব্র হয়। সে আমাকে স্পর্শ করে। তার নরম আঙ্গুল আমার চুলে খেলা করতে থাকে। রাকাকে স্পর্শ করতে ভয় লাগে, যদি আঘাত করে ফেলি। সে বোধহয় বুঝতে পারে কোনো কারণে আমি সহজ হতে পারছি না। হঠাৎ সে আমার ডান হাত তার স্তনের ওপর রাখে। যেন বিদ্যুৎ স্পর্শ করলাম। হা ঈশ্বর, নারী স্পর্শ কি এমনই প্রাণঘাতী? ক্রমশ তার কাছে অসহায় হয়ে পড়তে থাকি। মনে হয়, তবে যে ছোটবেলা থেকে নারীর প্রতি আকর্ষণ অনুভব করেছি তা কখনও ভুল নয়। সমাজের রক্তচক্ষু উপেক্ষা করার ধৃষ্টতা কখনও দেখাতে পারিনি শুধুমাত্র আঙ্গুল তুলে সবাই 'অসুস্থ' বলবে সেই ভয়ে। সমাজে তখন পরিচয় হবে 'lesbian' নামে। নারী হয়ে নারীর প্রতি প্রেম ব্যক্ত করতে পারিনি কখনও তা 'অস্বাভাবিক' বলে - তাহলে আজ এই অনাকাঙ্খিত আহ্বানে কী করে সাড়া দিচ্ছি, এক নারীর কাছে? আমার সমস্ত শরীর জুড়ে তোলপাড় হচ্ছে। রক্তে বান ডাকছে তীব্র কামনার, শরীরের প্রত্যেকটি কোষে যা ছড়িয়ে পড়ছে। এ কী সর্বনেশে খেলায় মত্ত হলাম আমি! তবে এই অনুভূতি কোনো পাপ নয়? তবে যে ওরা বলে এই প্রেম শুধুই নোংরামী। কোনো সুস্থ মানুষ এসব কাজ করে না। তাহলে কী রাকাও বিকৃত? কিন্তু কই এই আদরে তো আমি কোনো নোংরামী খুঁজে পাচ্ছি না। ভয়, উদ্বেগ, ভালো লাগা, সুখ, সব মিলিয়ে ভেতরে একটা ঝড় চলতে থাকে। কিন্তু একসময় সব ভুলে দীর্ঘদিনের চেপে রাখা আবেগের কাছে হার স্বীকার করি। দীর্ঘ যুদ্ধে ক্লান্ত আমি-কে আদরে ভরিয়ে তোলে রাকা। আমাকে আত্মসমর্পণ করতে দেখে ওর আদরের তীব্রতা বৃদ্ধি পায়। আমার কানের কাছে মুখ এনে ডাকে 'মন', আমার চোখ বন্ধ হয়ে আসে তীব্র জ্বালায়। এতদিন যে যুদ্ধ প্রতিনিয়ত করে চলেছি তা জল হয়ে গাল বেয়ে নেমে আসে। পরম মমতায় আমাকে বুকে জড়িয়ে ধরে। ওকে আঁকড়ে ধরে চীৎকার করে কেঁদে উঠি, 'রাকা, আমি ক্লান্ত, আমাকে তুমি বাঁচতে শেখাও। আমাকে ভালবাসতে দাও। আমাকে ভালবাসার স্বাদ পেতে দাও।' আমাদের আলিঙ্গন আরও দৃঢ় হয়। সারারাত দুটো উন্মত্ত শরীরের মিলন খেলা চলতে থাকে। তারপর একসময় কখন যেন দুজনেই ঘুমিয়ে পড়ি।

চোখে সূর্যের আলো পড়তে ঘুম ভাঙ্গে। চোখ খুলে পাশে রাকাকে দেখি। ওর ঠোঁটের কোনে হালকা হাসি। তৃপ্তির হাসি। চোখ যায় আমার মানসীর শরীরের দিকে। কী অপূর্ব সে! যেন পাথরে খোদাই করা ভাস্কর্য। এভাবে কতক্ষণ চেয়ে ছিলাম জানিনা। হঠাৎ ও চোখ বন্ধ করেই বলে উঠে, 'কি ঘুম ভাঙ্গলো?' বললাম 'ঘুম ভেঙ্গেছে বটে কিন্তু ঘোর কাটেনি।' এবার সে চোখ মেলে তাকায়, 'ঘোর কাটবে এমন নেশা এটা নয়। যত দিন যাবে তত বেশী ঘোর লাগবে কিন্তু, তৈরী তো?' বললাম, 'একদম তৈরী যদি সারাজীবন ঘোরের ভেতর তোমাকে পাই।' সে হেসে ওঠে, 'আর যদি কেউ জোর করে? তখন?' কথাটা শুনে উঠে বসি, বলি 'কেন? লড়াই করব। বেঁচে থাকার লড়াই।' এবার রাকা উঠে বসে, দুহাতে আমার মুখ নিয়ে বলে, 'সত্যি! পারবে সমাজের সমস্ত রক্ত চক্ষু উপেক্ষা করে লড়তে? ওরা যে সমপ্রেমকে ঘৃণার চোখে দেখে মন।' বলি, 'জানি, কিন্তু আর নয়, রাকা, কলকাতায় ফিরেই একটা জায়গায় যাব দুজনে।' সে জিজ্ঞেস করে, 'কোথায়?' 'Sappho-তে। এতদিন ভয়ে যেতে পারিনি, কিন্তু এবার যাব। দুজনেই যাব। নিজেদের অধিকার, প্রেমের জন্য লড়তে। সবাই একসাথে লড়ব। জানি, এটা একরাতের কাজ নয় কিন্তু আগামীকে সুন্দর করতে লড়ব। সবার সমান অধিকারের জন্য লড়ব।' রাকা মন দিয়ে কথাগুলো শোনে। গালে হাত দিয়ে চুপচাপ কী যেন ভাবে। তার পর বলল, 'ঠিক বলেছ। আচ্ছা মন, Sappho সম্পর্কে detail বলবে আমাকে?' বললাম, 'নিশ্চয়ই, যতটুকু জানি নিশ্চয়ই বলব।' শুনে ও খুশি হয়ে বলে, 'আমি শুনব, তবে তার আগে পাঁচ মিনিট দাও, খোঁজ নিয়ে দেখি ম্যানেজার ফিরেছেন কিনা! Just 5 minutes, ok?' বললাম, 'ok'। রাকা খাট থেকে নেমে পোষাক পরে। দরজা খুলতে খুলতে বলে, 'আমি কিন্তু এসেই শুনব।' বলে বেরিয়ে যায়। সূর্যের আলো ক্রমশ ঘরে ছড়িয়ে পড়তে থাকে। আর আমি কথা সাজাতে থাকি মন-এ মন-এ।

■ *মন* 'স্যাফো'-র একজন নবীন সদস্য।



Sappho for Equality`s latest publication Available at our Resorce Centre

Sappho for Equality & The Pratyay Gender Trust present



4th Annual Calcutta
Lesbian, Gay, Bisexual, Transgender Film & Video Festival
19th - 21st November 2010
Maxmueller Bhavan, Kolkata
For details contact - 2441 9995, 98315 18320

Sappho for Equality
Administrative Office & Resource Centre :
11A Jogendra Gardens(S), Ground Floor,
Kolkata 700 078
E-mail : sappho1999@rediffmail.com
Website : www.sapphokolkata.org
Contact : 2441 9995 (12 - 8 p.m. Except Mondays)
Helpline : 98315 18320 (10 a.m. - 9 p.m.)

Publication supported by

rfsu

Sida

Edited by Akanksha, Published by Sappho for Equality - 11A Jogendra Gardens (S) Kolkata -700 078, Printed by Print dot Com, Kolkata -700 054